

বিশ্ব

অক্সফোর্ড ডিকশনারি

বর্ষসেরা শব্দ ‘ভ্যাক্স’

প্রথম আলো ডেস্ক



করোনাভাইরাসের টিকা। প্রতীকী ছবি

চলতি বছর করোনাভাইরাসের টিকা আসার পর মানুষের মুখে মুখে ছিল টিকার কথা। টিকা নিয়েছেন কি না, নিতে চাইলে অক্সফোর্ড, ফাইজার, মডার্না—কোন টিকা নেবেন, এর কোনো পার্শ্বপ্রতিক্রিয়া আছে কি না—সবকিছুই ছিল আলোচনার শীর্ষে। এর ফলে টিকার ইংরেজি প্রতিশব্দ ভ্যাকসিনের সংক্ষিপ্ত রূপ ‘ভ্যাক্স’-এর ব্যবহারও বেড়ে যায় অনেক গুণ। তাই চলতি বছর ভ্যাক্স শব্দটি বর্ষসেরা শব্দ হিসেবে নির্বাচিত করেছে অক্সফোর্ড ইংলিশ ডিকশনারি।

বিজ্ঞাপন

ব্রিটিশ সংবাদমাধ্যম গার্ডিয়ান-এর এক প্রতিবেদনে বলা হয়েছে, চলতি বছরের সেপ্টেম্বর পর্যন্ত ভ্যাক্স শব্দটি আগের বছরের ওই সময়ের তুলনায় ৭২ গুণ বেশিবার ব্যবহৃত হয়েছে। আর সে কারণেই এবার বর্ষসেরা শব্দ হিসেবে নির্বাচিত হয়েছে এটি। ভ্যাকসিন-সংশ্লিষ্ট শব্দগুলো বিশ্বজুড়ে এবার বেশি ব্যবহৃত হয়েছে। যেমন ‘ফুললি ভ্যাক্সড’ (Fully

Vaxxed), ‘ডাবল-ভ্যাক্সড’ (double- vaxxed), ‘আনভ্যাক্সড’ (unvaxxed), ‘অ্যান্টি-ভ্যাক্সার’ (anti- vaxxer) ও ‘ভ্যাক্স কার্ড’ (Vaxxed Card) ইত্যাদি। গত বছরের ডিসেম্বর থেকে ‘ভ্যাকসিন ডিস্ট্রিবিউশন’, ‘ভ্যাকসিন রোলআউট’, ‘ভ্যাকসিন পাসপোর্ট’ ইত্যাদি শব্দও ছিল মানুষের মুখে মুখে।

করোনা মহামারি শুরুর পর থেকে এর সঙ্গে সংশ্লিষ্ট শব্দগুলোর ব্যবহার বেড়ে যায়। গত বছর বর্ষসেরা শব্দ নির্বাচিত হয় লকডাউন।

অক্সফোর্ড ইংলিশ ডিকশনারির জ্যেষ্ঠ সম্পাদক ফিওনা ম্যাকফারসন বলেন, সংশয়হীনভাবে ভ্যাক্সকে বর্ষসেরা শব্দ নির্বাচিত করা হয়েছে। কারণ, বছরজুড়ে এই শব্দটিই ‘সবচেয়ে লক্ষণীয় রকমের প্রভাব ফেলেছে’।

অক্সফোর্ড ল্যাঙ্গুয়েজের প্রেসিডেন্ট ক্যাসপার গ্রাথহোল বলেছেন, ‘যখন ভাষার পর্যাচালনা করা হচ্ছিল, তখন ভ্যাক্স সন্দেহাতীতভাবে প্রথম স্থানে ছিল। এই শব্দের নাটকীয় বৃদ্ধি আমাদের বেশি মনোযোগ আকর্ষণ করেছে।’

বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, ভ্যাক্স শব্দটি আশির দশক থেকে ব্যবহার শুরু হলেও শব্দটি ইংরেজি ভাষায় প্রথম রেকর্ড হয় আরও প্রায় দুই শতাব্দী আগে, ১৭৯৯ সালে।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২১ প্রথম আলো